

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ইটনা, কিশোরগঞ্জ  
[www.itna.kishoreganj.gov.bd](http://www.itna.kishoreganj.gov.bd)

স্মারক নং-০৫.৪১.৪৮৩৩.০০০.০৭.০০৯.১৯-৬৯৭

তারিখ : ২৪.১০.২০২৩ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ অনুযায়ী ইটনা উপজেলাধীন নিম্নে উল্লেখিত ইউনিয়ন পরিষদ সমূহের সংশ্লিষ্ট ওয়ার্ডে গ্রাম পুলিশের মহল্লাদার এর শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়নের উল্লেখিত ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে বর্ণিত শর্তাবলীতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ইউনিয়নের নাম	পদের নাম	শূন্য পদসংখ্যা	যে ওয়ার্ডে শূন্য	বেতন	শিক্ষাগত যোগ্যতা	শারীরিক যোগ্যতা
১নং রায়টুটা	মহল্লাদার	১ টি	০৫	স্থানীয় সরকার বিভাগ হতে সর্বশেষ প্রদত্ত পরিপত্র সরকারি ও ইউপি অংশের সর্বমোট ৬,৫০০/- টাকা প্রদেয়	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা স্বীকৃত বোর্ড হতে জুনিয়র সার্টিফিকেট সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি মহিলা প্রার্থীর ক্ষেত্রে ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি
২নং ধনপুর	মহল্লাদার	২ টি	০১, ০৭			
৬নং বড়িবাড়ী	মহল্লাদার	২ টি	০১, ০৩			
৭নং এলংজুরী	মহল্লাদার	১ টি	০৩			
৮নং জয়সিদ্ধি	মহল্লাদার	৬ টি	০২, ০৪, ০৬, ০৭, ০৮, ০৯			
	সর্বমোট=	১২ টি				

শর্তাবলি :

- আগামী ০৮/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারী বরাবরে আবেদন দাখিল করতে হবে।
- আবেদনের সাথে আবেদনকারী নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ ও বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এবং কোটা (যদি থাকে) তা উল্লেখসহ সদ্যতোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০৪। ০৮/১১/২০২৩ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে।
- ০৫। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকেই উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ আবু রিয়াদ)  
উপজেলা নির্বাহী অফিসার  
ইটনা, কিশোরগঞ্জ  
ও  
সভাপতি  
মহল্লাদার পদে নিয়োগ বাছাই কমিটি  
ফোন-০২৯৯৭৭৬৩৭১০  
মোবাইল-০১৯৫৮-৪০০৪২২  
ই-মেইল- [unoitna@mopa.gov.bd](mailto:unoitna@mopa.gov.bd)

স্মারক নং-০৫.৪১.৪৮৩৩.০০০.০৭.০০৯.১৯-৬৯৭/১(৫০)

তারিখ : ২৪.১০.২০২৩ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

- ০১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ০২। পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
- ০৩। উপপরিচালক স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইটনা, কিশোরগঞ্জ।
- ০৪। সহকারী কমিশনার (ভূমি), ইটনা, কিশোরগঞ্জ।
- ০৫। উপজেলা ----- কর্মকর্তা, ইটনা, কিশোরগঞ্জ।
- ০৬। চেয়ারম্যান, ----- (সকল), ইউনিয়ন পরিষদ, ইটনা, কিশোরগঞ্জ। উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। অফিস কপি/নোটিশ বোর্ড/ওয়েব পোর্টাল।



উপজেলা নির্বাহী অফিসার  
ইটনা, কিশোরগঞ্জ

ও

সভাপতি

মহল্লাদার পদে নিয়োগ বাছাই কমিটি

ফোন-০২৯৯৭৭৬৩৭১০

মোবাইল-০১৯৫৮-৪০০৪২২

ই-মেইল- [unoitna@mopa.gov.bd](mailto:unoitna@mopa.gov.bd)